

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (ইউএও) এর কার্যালয়
হাতীবাঙ্গা, লালমনিরহাট।


০১টি আইপিএস মেশিন, ০৩টি আইপিএস ব্যাটারী ক্রয়
এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ আপন দলিল
কোটেশন নং-২

কোটেশন নম্বর: ০৭.০৩.৫২৩৩.৯৯.৩১৭.২৩.৬৯

তারিখ: ১৬/০৪/২০২৫

- ১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (ইউএও) এর কার্যালয় হাতীবাঙ্গা, লালমনিরহাট এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তিরঅধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।
- ২। দরপত্র দাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অতিরিক্ত ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশে, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।
- ৩। 'কোটেশনদলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।
- ৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বকক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আঙ্গানকারীর দপ্তরে দাখিল করা হইবে।
- ৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।
- ৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ২৬/০৪/২০২৫ খ্রি: বিকেল ০৩:০০ টায় বা উহারপূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "০১টি আইপিএস মেশিন, ০৩টি আইপিএস ব্যাটারী এর জন্য কোটেশন এবং ২৬/০৪/২০২৫ খ্রি: বিকেল ০৩:০০ টায় পূর্বে খোলা হইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্ট ভাবেচিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।
- ৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবন্ধ ও সিলমোহরাক্রান্ত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করা হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উপ্যুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময় সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করা হইবে।
- ৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) এর উদ্দেশ্যে পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আঙ্গানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া মুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করা যাইবে।
- ৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ২১ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।
- ১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উপ্যুক্ত করা হইবে না।

- ১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্র দাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।
- ১২। দরটোকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টোকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।
- ১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।
- ১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।
- ১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্র দাতা বাধ্য থাকিবে।
- ১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ২১ দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।
- ১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ দিনের মধ্যে জারি করিতে হইবে।
- ১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাস্তবের অধিকার সংরক্ষণ করিবে।



কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর
 নাম : মোঃ সিরাজুল ইসলাম
 পদবি : উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
 তারিখ : ১৬/০৪/২০২৫ খ্রি:
 ঠিকানা : হাতীবাঙ্গা, লালমনিরহাট
 ফোন নম্বর : ০১৩১৮৩৮০৭০৮
 ই-মেইল : hatibandhauao@cga.gov.bd

বিতরণ:

- ১। নোটিশ বোর্ড: ইউএও হাতীবাঙ্গা, লালমনিরহাট।
- ২। নোটিশ বোর্ড: ইউএনও, হাতীবাঙ্গা, লালমনিরহাট।
- ৩। ওয়েবসাইট: ইউএও হাতীবাঙ্গা, লালমনিরহাট।
- ৪। নোটিশ বোর্ড: ডিসিএ রংপুর কার্যালয়, রংপুর।
- ৫। মাস্তুরিক নথি।